বিজিএ/এডমিন/২০২৫/১৯৪

২৩ সেপ্টেম্বর ২০২৫

# সম্মানিত সকল সদস্যদের জন্য

সম্মানিত সদস্যবৃন্দ,

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে, সম্প্রতি একটি ভুয়া "সুরক্ষা প্রত্যায়ন" নিবন্ধন সংক্রান্ত প্রজ্ঞাপন ও ফর্মের বিষয়টি আমাদের নজরে এসেছে, যা বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় থেকে জারি করা হয়েছে বলে দাবি করা হচ্ছে **(সংযুক্তি ৩ পাতা)**। এই প্রজ্ঞাপনে পোশাক শিল্প এবং রপ্তানিকারক প্রতিষ্ঠানগুলোকে 'সুরক্ষা প্রত্যয়ন' নিবন্ধনের জন্য ৯,১০৪/= (নয় হাজার একশত চার) টাকা ফি পরিশোধপূর্বক একটি অনলাইন ভেরিফায়েড সার্টিফিকেট সংগ্রহ করতে বলা হয়েছে। এতে আরও উল্লেখ আছে, যারা এই নিবন্ধন করবেন না, তাদের উৎপাদন ও রপ্তানি কার্যক্রম সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হতে পারে।

আমরা নিশ্চিত করছি যে, এই প্রজ্ঞাপন এবং এর সাথে সংযুক্ত ফর্মটি সম্পূর্ণ মিথ্যা এবং বানোয়াট। বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠান থেকে এ ধরনের কোনো প্রজ্ঞাপন জারি করা হয়নি মর্মে নিশ্চিত করা হয়েছে। এটি একটি প্রতারণামূলক কার্যক্রম, যার উদ্দেশ্য হচ্ছে আপনাদের কাছ থেকে অবৈধভাবে অর্থ আদায় করা।

বিজিএমইএ'র নামে প্রেরিত যেকোনো ইমেইল বা নোটিশের সত্যতা যাচাই করতে www.bgmea.com.bd ভিজিট করুন। সকল আনুষ্ঠানিক নোটিশ কেবলমাত্র এই ওয়েবসাইটেই প্রকাশিত হয়।

আমাদের সম্মানিত সকল সদস্যকে অনুরোধ করা হচ্ছে, আপনারা এই প্রতারণামূলক ফাঁদে পা দেবেন না। বিজিএমইএ সর্বদা আপনাদের পাশে আছে এবং এ ধরনের অবৈধ ও বেআইনি কার্যক্রমের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহন করবে।

ধন্যবাদান্তে,

২৩/৯/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম**, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

বাংলাদেশ গেজেট

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণিজ্য মন্ত্রণালয়

---

### প্রজ্ঞাপন

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন তৈরি পোষাক শিল্প প্রতিষ্ঠান এবং বৈদেশিক শিল্পরপ্তানিকারক বাণিজ্যিক প্রতিষ্ঠানের কর্মী নিরাপদ ও সুরক্ষা বাস্তবতা রক্ষার নিশ্চিত "সুরক্ষা প্রত্যায়ন" নিবন্ধন জন্য মন্ত্রীপরিষদের কার্যনির্বাহী পরিষদ হতে নির্দেশনা প্রদান করা হলো।**

প্রজ্ঞাপন ধারা: (১) কার্যনির্বাহী আদেশে তৈরী পোষাক শিল্পখাত ও বৈদেশিক শিল্পরপ্তানিকারক প্রতিষ্ঠান (প্রতিষ্ঠানের সত্ত্বাধিকারী বরাবর অথবা দায়িত্বশীল) দাপ্তরিক প্রজ্ঞাপন ও গেজেট পত্র মারফত এবং ইলেকট্রনিক বার্তা প্রদান ইমেইল ও টেলি-কমিউনিকেশন দ্বারা প্রদান নিশ্চিত করা হবে। (২) বর্তমানে তৈরী পোষাক শিল্পখাতের অস্থিতিশীল পরিবেশ উন্নয়ন এবং শিল্প শ্রমিক সুরক্ষা নিশ্চিত বাধ্যতামূলক করা হলো যেখানে শ্রমিক বেতন, অগ্নি নির্বাপন ফায়ার এলার্ম, বিশুদ্ধ পানি, উচ্চ নিরোধক সরঞ্জাম, কর্মী বান্ধব পরিবেশ, স্বাস্থ্য সুরক্ষা যাবতীয় ব্যবস্থপনা নিশ্চিত করতে হবে। (৩) একই আদেশের অধীন একই শিল্প মালিক বা সত্ত্বাধিকারীর নিবন্ধিত সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে তবে ধারাবাহিকভাবে যেসকল প্রতিষ্ঠানের সুরক্ষা নিবন্ধন সেটি জাতীয় তথ্য বাতায়ন অপারেটিং সিস্টেম এবং জাতীয় ব্যবস্থাপনা পোর্টাল (PMS) এর আওতাধীন থাকবে। পরবর্তীতে সকল তথ্য সুনিশ্চিত হওয়ার পর উহা BGMEA এবং লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা) বরাবর দাখিল হবে। (৪) অনলাইন সুরক্ষা প্রত্যায়ন আবেদন ফি সরকারী মূকল চার্জসহ ৯,১০৪ (নয় হাজার একশত চার টাকা মাত্র) পরিশোধ পূর্বক National Information Desk এর প্রত্যায়ন পোর্টাল হতে অনলাইন ভেরিফাইড সার্টিফিকেট (প্রজ্ঞাপন জারির সময়সীমা ১৬ সেপ্টেম্বর ২০২৫ হতে ১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ) সংগ্রহ করার জন্য জানানো হলো। (৫) সুরক্ষা প্রত্যায়ন নিবন্ধন আবেদনের ৪৮ কর্মদিবসের ভেতর সরকারী প্রত্যায়ন পোর্টাল হতে ভেরিফাইড সার্টিফিকেট গ্রহন করা এবং তৎপরবর্তী ৩০ কর্মদিবসের যেকোন দিন সরকারি নিরীক্ষণ প্রতিনিধি দল উক্ত সুরক্ষা ব্যবস্থাপনা (শ্রমিক বেতন, অগ্নি নির্বাপন ফায়ার এলার্ম, বিশুদ্ধ পানি, উচ্চ নিরোধক সরঞ্জাম, কর্মী বান্ধব পরিবেশ, স্বাস্থ্য সুরক্ষা যাবতীয় ব্যবস্থপনা) সরজমিন নিশ্চিত করবেন। (৬) যেসকল প্রতিষ্ঠান ধারাবাহিকভাবে পরিচালিত সুরক্ষা প্রত্যায়ন নিবন্ধন নিশ্চিত করেননি তাদের বিলম্ব কারন দর্শন পরিপত্র এবং PMS ডাটাবেইজে নথিকরণ (সুনির্দিষ্ট কারন) জানানোর জন্য অবহিত করতে হবে; অন্যথায় সুরক্ষা নিবন্ধন গাফিলতি বা অসুরক্ষিত শিল্প প্রতিষ্ঠান সাময়িক এবং পরবর্তী কার্যনিবাহী আদেশে উৎপাদন ও রপ্তানি রহিত করা হতে পারে।

স্মরক গেজেট: ৬৭০২৬৫(খ)-০৪

Mahbubur Rahman

মাহবুবুর রহমান
সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
নির্দেশনাক্রমে

বাণিজ্য মন্ত্রণালয়

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন সুরক্ষা প্রত্যায়ন নিবন্ধন

আপনার উন্নতি সেভ করার জন্য Google-এ সাইন-ইন করুন। আরও জানুন

* প্রয়োজনীয় প্রশ্ন নির্দেশ করে

অত্র প্রতিষ্ঠানের তৈরী পোষাক শিল্প প্রতিষ্ঠানের নিবন্ধিত পূর্ণ নাম:- *

আপনার উত্তর

অত্র প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক সংখ্যা:- *

আপনার উত্তর

অত্র প্রতিষ্ঠানের সত্ত্বাধিকার কিংবা দায়িত্বশীল কর্মকর্তার পরিচয় এবং যোগাযোগ নাম্বার (যা প্রতিষ্ঠিক সরকারী সুপারভাইজেশনে সহযোগীতা করবেন):- *

আপনার উত্তর

?

অনলাইন "সুরক্ষা প্রত্যায়ন সার্টিফিকেট" *
নিবন্ধন আবেদন ফি ৳৯১০৪ টাকা সরকারী সোনালী ব্যাংক অনলাইন ই-চালান অথবা ব্র্যাক ব্যাংক অথবা ব্র্যাক ব্যাংক অনুদিত মোবাইল ব্যাংকিং পরিসেবায় প্রদানপূর্বক চালান নাম্বার বা ট্রানজেকশন আইডি লিখুন:-
*ইমেইল পরিসেবা হতে প্রতিষ্ঠানের রেফারেন্স আইডি সংগ্রহ করে নিতে হবে।

আপনার উত্তর

অত্র প্রতিষ্ঠানের যাবতীয় তথ্যাদি সঠিকভাবে সাবমিট করা হয়েছে এবং সুরক্ষা প্রত্যায়ন সার্টিফিকেট নিবন্ধন প্রক্রিয়াতে আবেদনের ২৪ ঘন্টার ভেতর প্রত্যায়িত সার্টিফিকেট ইমেইলে প্রদান করা হবে। *
প্রতিষ্ঠানিক ইমেইল এড্রেস প্রদান করুন:-

আপনার উত্তর

অত্র প্রতিষ্ঠানের সুরক্ষা ব্যবস্থা (সঠিক বেতন ব্যবস্থাপনা,অগ্নি নির্বাপন ফায়ার এলার্ম, বিশুদ্ধ পানি, উচ্চ নিরোধক সরঞ্জাম, কর্মী বান্ধব পরিবেশ, স্বাস্থ্য সুরক্ষা) যাবাতীয় মৌলিক ব্যবস্থাপনা নিশ্চিত করা হয়েছে *

- ◯ সকল সুরক্ষা ব্যবস্থা রয়েছে

যদি কোন কারনে সুরক্ষা প্রত্যায়ন নিবন্ধনে যদি বিলম্ব হয় সেক্ষেত্রে পরিপূর্ণ কারন দর্শন পরিপত্র ইমেইল দাখিল করতে হবে এবং ডাটাবেইজ সংরক্ষণে এখানে সংক্ষিপ্ত নোট উল্লেখ করতে হবে; অন্যথাই "নাই/Null" হিসেবে পূরণ করতে হবে

আপনার উত্তর

জমা দিন

ফর্ম মুছুন

কখনই Google ফর্মগুলির মাধ্যমে পাসওয়ার্ডগুলি জমা দেবেন না৷

এই সামগ্রীটি Google এর দ্বারা তৈরি বা অনুমোদিত হয়নি৷ - পরিষেবার শর্তাদি - গোপনীয়তা নীতি

এই ফর্ম কি সন্দেহজনক মনে হচ্ছে? অভিযোগ করুন

Google ফর্মগুলি